

নং- ১৯.০০.০০০০.১১৩.৩১.২৬২.২০/৫৬২

অফিস আদেশ


মন্ত্রণালয়ে কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ রবিউল ইসলাম-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ দূতাবাস, জেনেভা-তে নিরাপত্তা প্রহরী পদে বদলি করা হলোঃ

ক) বেতন	ঃ	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী।
খ) বৈদেশিক ভাতা	ঃ	বিধি অনুযায়ী প্রাপ্য।
গ) চিকিৎসা ভাতা	ঃ	বিধি অনুযায়ী সরকারী ব্যয়ে চিকিৎসা সুবিধাদি।
ঘ) সন্তানাদির শিক্ষা ভাতা	ঃ	বিধি অনুযায়ী প্রাপ্য।
ঙ) উৎসব ভাতা	ঃ	বিধি অনুযায়ী প্রাপ্য।
চ) বাসস্থান	ঃ	বিধি অনুযায়ী সরকারী ব্যয়ে আসবাবপত্রসহ বাসস্থান।
ছ) বদলি অনুদান	ঃ	ঢাকায় আহরিত মাসিক বেতনের অর্ধেকের সমপরিমাণ অর্থ। বেতনের এক চতুর্থাংশ ঢাকায় এবং এক চতুর্থাংশ জেনেভা-তে প্রদেয়।
জ) ভ্রমণ ব্যয়	ঃ	বিধি অনুযায়ী নিজ এবং পরিবারের সদস্যদের জন্য অনুমোদিত পথে সরকারি ব্যয়ে ঢাকা হতে জেনেভা পর্যন্ত বিমানে সুলভ শ্রেণী-তে (Economy Class) ভ্রমণ এবং তদসঙ্গে আনুষঙ্গিক ব্যয়।
ঝ) ব্যক্তিগত মালামাল পরিবহন ব্যয়	ঃ	বিধি অনুযায়ী ঢাকা হতে জেনেভা পর্যন্ত ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ অথবা ব্যক্তিগত মালামাল পরিবহন বাবদ প্রকৃত খরচ।

২। জনাব মোঃ রবিউল ইসলাম-কে উক্ত মিশনে কর্মরত নিরাপত্তা প্রহরী জনাব মোঃ মিজানুর রহমান-এর মেয়াদ অবসানান্তে যোগদানের জন্য নির্দেশ দেয়া হলো।

৩। উক্ত কর্মচারী সরকারি বাসায় অবস্থান করলে আবাসন সংক্রান্ত বিষয়াদি দায়িত্বভার ত্যাগের পূর্বে আবশ্যিকভাবে সাধারণ সেবা-১ শাখায় বৃষ্টিয়ে দেবার নির্দেশ দেয়া হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



১০/১২/২০২০

(মোঃ মাহাদি আলম বিনতু)

সহকারী সচিব (সংস্থাপন-২)

ফোনঃ ৯৫৬২৯৫১

ই-মেইলঃ p2@mofa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী/সহকারী সচিব (কনস্যুলার/এমবি ও ইকুপমেন্ট/তহবিল/বাজেট/সাধারণ সেবা-১ ও ২), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মচারী ও তাঁর পরিবারের সদস্যদের অনুকূলে পাসপোর্ট প্রদানের অনুরোধসহ)।
- ৭। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (প্রধান কার্যালয়), মতিঝিল, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা (উক্ত কর্মচারী ও তাঁর সহগামীদের বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ, ফ্যাক্স নং-৮৯০১৫৪৪)।
- ৯। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, জেনেভা।
- ১০। জনাব মোঃ রবিউল ইসলাম, অফিস সহায়ক, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। অফিস কপি।



১০/১২/২০২০

(মোঃ মাহাদি আলম বিনতু)

সহকারী সচিব (সংস্থাপন-২)